**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৫৩/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ৬ ফেব্রুয়ারি ২০১৮, ২৪ মাঘ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রোহিঙ্গা সংকট নিরসনে সুইজারল্যান্ডের অব্যাহত সমর্থন চাইলেন রাষ্ট্রপতি

২। প্রধানমন্ত্রীর সাথে সুইস প্রেসিডেন্টের বৈঠক : রোহিঙ্গা সংকটে পাশে থাকবে সুইজারল্যান্ড

৩। মন্ত্রিসভায় বিএডিসি ও পিআইবি আইনের খসড়া অনুমোদন

৪। আগামী বছর জুনে পদ্মা সেতুতে গাড়ি চলবে : অর্থমন্ত্রী

৫। ওয়ান স্টপ সার্ভিস বিল সংসদে পাস

৬। প্রতি জেলায় মেডিক্যাল কলেজ ও বিভাগে মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হবে : সংসদে স্বাস্থ্যমন্ত্রী

৭। নদী বন্দর থেকে রাজস্ব বাড়াতে উদ্যোগ নেওয়া হয়েছে : সংসদে নৌমন্ত্রী

৮। স্বাধীনতা দিবসে সারাবিশ্বে একযোগে জাতীয় সংগীত পরিবেশন করা হবে

৯। দুর্ঘটনায় আহতদের সব হাসপাতালে তাৎক্ষণিক সেবা কেন নয় : হাইকোর্টের রুল

১০। রপ্তানি ভর্তুকি পাবে বরফ আচ্ছাদন ও আনুষঙ্গিক উপাদান : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

চলমানপাতা/২

**১। রোহিঙ্গা সংকট নিরসনে সুইজারল্যান্ডের অব্যাহত সমর্থন চাইলেন রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ রোহিঙ্গা সংকট নিরসনে মিয়ানমারের ওপর চাপ দিতে সুইজারল্যান্ডের অব্যাহত সমর্থন কামনা করেছেন। বঙ্গভবনের একজন মুখপাত্র বলেন, 'বাস্তুচ্যুত রোহিঙ্গাদের তাদের স্বদেশ ভূমি রাখাইনে নিরাপদ ও মর্যাদাসহকারে প্রত্যাবাসনে রাষ্ট্রপতি সুইজারল্যান্ডের সমর্থন কামনা করেন।' গতকাল (৫ ফেব্রুয়ারি সোমবার) বঙ্গভবনে নৈশভোজের প্রাক্কালে সুইজারল্যান্ডের সফররত প্রেসিডেন্ট আঁলা বেরসে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**২। প্রধানমন্ত্রীর সাথে সুইস প্রেসিডেন্টের বৈঠক : রোহিঙ্গা সংকটে পাশে থাকবে সুইজারল্যান্ড**

রোহিঙ্গা সংকটে বাংলাদেশের পাশে থাকার ঘোষণা দিয়েছেন সফররত সুইজারল্যান্ডের প্রেসিডেন্ট আঁলা বেরসে। সফরের দ্বিতীয় দিনে গতকাল (৫ ফেব্রুয়ারি সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকের পর যৌথ সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন তিনি। পাশাপাশি রোহিঙ্গাদের সহায়তায় **১২** মিলিয়ন সুইস ফ্রাঙ্ক বা প্রায় **১০৭** কোটি টাকা অনুদান দেবে দেশটি। এ সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, রোহিঙ্গা সমস্যার সমাধান মিয়ানমারকেই করতে হবে। কফি আনান কমিশনের সুপারিশ বাস্তবায়নের মধ্য দিয়ে সংকটের স্থায়ী সমাধান নিশ্চিত করতে মিয়ানমারের ওপর চাপ বজায় রাখতে সুইস প্রেসিডেন্টের প্রতি আহ্বান জানান তিনি। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৩)।

**৩। মন্ত্রিসভায় বিএডিসি ও পিআইবি আইনের খসড়া অনুমোদন**

বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন (বিএডিসি) ও প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) আইনের খসড়া মন্ত্রিসভা অনুমোদন করেছে। প্রতিষ্ঠান দু'টির বিদ্যমান আইনের প্রয়োজনীয় সংশোধনের লক্ষ্যে এ খসড়ার অনুমোদন দেওয়া হয়। গতকাল (৫ ফেব্রুয়ারি সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার সাপ্তাহিক বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়েছে। বৈঠকশেষে মন্ত্রিপরিষদ সচিব মো. শফিউল আলম এসব তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**৪। আগামী বছর জুনে পদ্মা সেতুতে গাড়ি চলবে : অর্থমন্ত্রী**

পদ্মা সেতু আগামী বছরের জুনে চালু হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। নিজস্ব অর্থে এই সেতুর নির্মাণ কাজ ভালোভাবেই এগিয়ে যাচ্ছে বলে তিনি সন্তুষ্টি প্রকাশ করেন। পদ্মা সেতু প্রকল্পে দুর্নীতির ষড়যন্ত্রের অভিযোগ তোলায় বিশ্বব্যাংকের সাবেক প্রেসিডেন্ট রবার্ট জোয়েলিকের ভূমিকার কঠোর সমালোচনা করেন অর্থমন্ত্রী। গতকাল (৫ ফেব্রুয়ারি সোমবার) সেগুনবাগিচায় জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সম্মেলনকক্ষে ভ্যাটদাতাদের সম্মাননা সনদ বিতরণ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৩), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**৫। ওয়ান স্টপ সার্ভিস বিল সংসদে পাস**

দেশে বিনিয়োগ বৃদ্ধি ও ব্যবসাবান্ধব রেগুলেশন নিশ্চিত করতে একক সেবা সার্ভিস আইনি কাঠামোতে আনতে সংসদে ওয়ান স্টপ সার্ভিস বিল-২০১৮ সংশোধিত আকারে পাস করা হয়েছে। গতকাল (৫ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদের অধিবেশনে সংসদ কার্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কৃষিমন্ত্রী বেগম মতিয়া

চৌধুরী বিলটি পাসের প্রস্তাব করলে কণ্ঠভোটে তা পাস হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

**৬। প্রতি জেলায় মেডিক্যাল কলেজ ও বিভাগে মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হবে : সংসদে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেন, বর্তমান সরকার সবার জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে বদ্ধপরিকর। এ লক্ষ্যে প্রয়োজনীয় দক্ষ ডাক্তার তৈরি করার জন্য সরকার প্রতি জেলায় অন্তত একটি মেডিক্যাল কলেজ এবং প্রতি বিভাগে একটি মেডিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। বর্তমানে **৩১**টি সরকারি মেডিক্যাল কলেজের মাধ্যমে প্রতি বছর **৩** হাজার **১৮৭** জন ছাত্র-ছাত্রী ভর্তি করা সম্ভব যা প্রয়োজনের তুলনায় কম। গতকাল (৫ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৪), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**৭। নদী বন্দর থেকে রাজস্ব বাড়াতে উদ্যোগ নেওয়া হয়েছে : সংসদে নৌমন্ত্রী**

নৌ-পরিবহণ মন্ত্রী শাজাহান খান বলেছেন, দেশের নদী বন্দরগুলো থেকে রাজস্ব বাড়াতে নানা উদ্যোগ নিয়েছে সরকার। এসবের মধ্যে নতুন নদী বন্দর স্থাপন, নদী বন্দর আধুনিকায়ন, নৌ-পথ সৃষ্টির লক্ষ্যে নদী খনন, যাত্রী ও মালামাল পরিবহণ ব্যবস্থা সুদৃঢ় করার লক্ষ্যে পর্যাপ্ত তদারকি ব্যবস্থা গ্রহণ, আধুনিক লঞ্চ, স্টিমার ও জলযান সংগ্রহ এবং যাত্রী-বান্ধব নৌ-পরিবহণ ব্যবস্থা গড়ে তোলা হয়েছে। গতকাল (৫ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদ অধিবেশনে নৌ-পরিবহণ মন্ত্রী শাজাহান খান এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৪,ক.৭)।

**৮। স্বাধীনতা দিবসে সারাবিশ্বে একযোগে জাতীয় সংগীত পরিবেশন করা হবে**

এবার স্বাধীনতা দিবসে সারাবিশ্বে একযোগে জাতীয় সংগীত পরিবেশন করা হবে। গতকাল (৫ ফেব্রুয়ারি সোমবার) সরকারের এক তথ্য বিবরণীতে বলা হয়, ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবসে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সালাম গ্রহণকালে জাতীয় সঙ্গীত পরিবেশন করা হবে। প্রবাসেও একই সঙ্গে তা বাজানো হবে। শুদ্ধভাবে জাতীয় সঙ্গীতচর্চাকে অনুপ্রাণিত করতেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

**৯। দুর্ঘটনায় আহতদের সব হাসপাতালে তাৎক্ষণিক সেবা কেন নয় : হাইকোর্টের রুল**

সব হাসপাতাল ও ক্লিনিকে দুর্ঘটনায় আহত যে কোনো রোগীকে প্রাথমিক চিকিৎসা দেওয়ার বিষয়ে রুল জারি করেছে হাইকোর্ট। রুলে সড়ক দুর্ঘটনায় আহতদের হাসপাতাল ও ক্লিনিকগুলোতে তাৎক্ষণিক চিকিৎসা দেওয়ার বিষয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়কে সার্কুলার জারি করতে কেন নির্দেশ দেওয়া হবে না, তা জানতে চাওয়া হয়েছে। বিচারপতি সৈয়দ মোহাম্মদ দস্তগীর হোসেন ও বিচারপতি মো. আতাউর রহমান খান সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল (৫ ফেব্রুয়ারি সোমবার) এ রুল জারি করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**১০। রপ্তানি ভর্তুকি পাবে বরফ আচ্ছাদন ও আনুষঙ্গিক উপাদান : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

হিমায়িতকরণ প্রক্রিয়ার অংশ হিসেবে বরফ আচ্ছাদন এবং ব্যবহৃত আনুষঙ্গিক আবশ্যিক উপাদান হিমায়িত মাছের অবিচ্ছেদ্য অংশ হিসেবে গণ্য করে রপ্তানি ভর্তুকি বা নগদ সহায়তা প্রদানের নির্দেশনা স্পষ্ট করেছে বাংলাদেশ ব্যাংক। গতকাল (৫ ফেব্রুয়ারি সোমবার) বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগ থেকে এক প্রজ্ঞাপনপত্র জারির মাধ্যমে এ নির্দেশনা বিদেশি মুদ্রায় লেনদেনে নিয়োজিত সব অনুমোদিত ডিলার ব্যাংকগুলোকে জানিয়ে দেওয়া হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** কিশোর অপরাধ বা গ্যাং কালচার সাম্প্রতিক সময়ে নতুন এক সামাজিক ও জাতীয় উদ্বেগের বিষয়ে পরিণত হয়েছে উল্লেখ করে এ ব্যাপারে পারিবারিক, সামাজিক ও শিক্ষাঙ্গনের সুষ্ঠু পরিবেশের পাশাপাশি জাতীয়ভাবে সচেতনতামূলক কর্মসূচি নেওয়ার আহ্বান।

খ. **প্রথম আলো :** সুন্দবনের কাছে বঙ্গোপসাগরে জেগে ওঠা বঙ্গবন্ধু চর নামে ছোট্ট একটি চরের বিশুদ্ধ প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণের সুপারিশ।

গ. **যায়যায়দিন, ডেইলি সান :** জারে দূষিত পানির ব্যবসা প্রতিহত করতে ওয়াসাকে বিশুদ্ধ পানি সরবরাহের ব্যবস্থা করার আহ্বান ।

ঘ. **যুগান্তর :** বিচারক সংকট ও অনুন্নত অবকাঠামোর কারণে বিচারিক কার্যক্রম বিঘ্নিত হওয়ায় দেশের আদালতগুলোয় মামলার পাহাড় জমেছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** নবাবগঞ্জ শিশুপার্কে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের বহুতলভবন নির্মাণের পরিকল্পনার বিষয় তুলে ধরে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তা বাতিল করাসহ রাজধানীর অন্যান্য পার্ক ও উন্মুক্ত স্থানগুলো দখলের হাত থেকে সুরক্ষায় কঠোর পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

চ. **নিউ এজ, সমকাল, ভোরের কাগজ :** রাষ্ট্রীয় তিন স্তম্ভের মধ্যে সর্বদা সমন্বয় বজায় রেখে উন্নয়নের পথে দেশকে এগিয়ে নেওয়ার বিষয়ে প্রধান বিচারপতির অভিমতকে স্বাগত জানিয়ে তাঁর সফলতা কামনা করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিক্ষাখাতের উন্নয়নে বড় ধরনের বিনিয়োগ প্রয়োজন ।

## নিবন্ধ ও ফিচার

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'অপার সম্ভাবনার সুন্দরবন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, জাতীয় অর্থনীতিতে সুন্দবনের অসামান্য অবদানকে কাজে লাগাতে হবে।

#

শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৮